



## ধানকোড়া ইউনিয়ন পরিষদ কার্যালয়

উপজেলা-সাতুরিয়া, জেলা- মানিকগঞ্জ।

বিষয়ঃ দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিষ্ঠায় ইউনিয়ন কমিটির অক্টোবর/২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আব্দুল হক  
: গণ্যমান্য ও সমাজসেবক, ধানকোড়া ইউনিয়ন, সাতুরিয়া, মানিকগঞ্জ।  
স্থানঃ : ইউনিয়ন পরিষদ ভবন  
সভার তারিখ ও সময়ঃ : ২৯ শে অক্টোবর ২০২৩, দুপুর ১২.৩০ টা।

উপস্থিত কমিটির সদস্য গণের তালিকাঃ **পরিশিষ্ট "ক"**

অদ্য ২৯/১০/২০২৩ তারিখে, দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিষ্ঠায় ইউনিয়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আরম্ভ করেন।

শুদ্ধাচার বলতে সাধারণভাবে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ বোঝায়। এর দ্বারা একটি সমাজের কালোত্তীর্ণ মানদণ্ড, নীতি ও প্রথার প্রতি আনুগত্যও বোঝানো হয়। ব্যক্তি-পর্যায়ের এর অর্থ হল কর্তব্যনিষ্ঠা ও সততা, তথা চরিত্রনিষ্ঠা।

শুদ্ধাচার প্রতিষ্ঠা এবং দুর্নীতি প্রতিরোধের ক্ষেত্রে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান যেমন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, তেমনই পরিবার, শিক্ষা-প্রতিষ্ঠান, রাজনৈতিক দল, গণমাধ্যম, সুশীল সমাজ এবং এনজিও প্রতিষ্ঠান সমূহের তেমন ভূমিকা ও দায়িত্ব আছে। দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিষ্ঠার ইউনিয়ন পরিষদের গ্র্যাস/ রুট লেভেলের ভূমিকা অত্যন্ত জরুরি বলে সভায় সকলে আলোচনা করেন। বিষয় নিয়ে সভায় বিস্তারিত ও ব্যাপক আলাপ আলোচনা করা হয়।

স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ, রাজনৈতিক দল, বেসরকারি খাতের শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান, এনজিও ও সুশীল সমাজ, ও পরিবার, শিক্ষা-প্রতিষ্ঠান এই কৌশলটির রূপকল্প হল 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' – রাষ্ট্র এবং সমাজ হিসাবে এটিই বাংলাদেশের গন্তব্য; আর সেই গন্তব্যে পৌঁছানোর জন্য রাষ্ট্রে ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা সবচেয়ে জরুরি কাজ। 'জাতীয় শুদ্ধাচার কৌশল' সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কৌশল হিসাবে বিবেচিত এবং সরকার গুরুত্বপূর্ণ একটি অবলম্বন হিসাবে এটি প্রণয়ন করছে।

দুর্নীতি দমন ও শুদ্ধাচারকে স্বীকৃতি প্রদান ও উৎসাহিত করণের জন্য স্থানীয় ভাবে সংশ্লিষ্টদের উদ্বুদ্ধ করণের সিদ্ধান্ত গ্রহীত হয়। আশা করা যায় যে, এই কৌশলটির অনুসরণ ও বাস্তবায়ন চূড়ান্ত পর্যায়ের জনগণ ও জাতির পিতার স্বপ্ন 'সোনার বাংলা' প্রতিষ্ঠায় কার্যকর অবদান রাখবে।

স্বাক্ষর  
মোঃ আব্দুল হক  
সভাপতি

দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিষ্ঠায় ইউনিয়ন কমিটি